নিউ ইয়র্ক শহর

2023
সালের সাধারণ নির্বাচনের ভোটার নির্দেশিকা

AAPI POWER COALITION

Bengali

আমাদের সম্পর্কে

AAPI POWER COALITION

AAPI পাওয়ার কোয়ালিশন হলো একটি তৃণমূল জোট যেটি ভোটারদের শিক্ষা এবং প্রচারের মাধ্যমে এশিয়ান আমেরিকান এবং প্রশান্ত মহাসাগরীয় দ্বীপবাসী সম্প্রদায়ের ক্ষমতায়নের জন্য কাজ করছে। আমাদের জোটের মধ্যে 10টি সংস্থা অন্তর্ভুক্ত যারা নিউ ইয়র্ক শহর জুড়ে বিভিন্ন সম্প্রদায়কে সেবা দিয়ে থাকে।

1989 সালে প্রতিষ্ঠিত **এশিয়ান আমেরিকান ফেডারেশন** হল নিউ ইয়র্ক শহরের সবচেয়ে শক্তিশালী নেতৃত্বের কণ্ঠস্বর যা নিউ ইয়র্কের এশিয়ান সম্প্রদায়ের 1.5 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য বৃহত্তর ন্যায়বিচার এবং সুযোগের পক্ষে সমর্থন প্রদান করে।

আমাদের সাথে যোগাযোগ করুন

120 Wall Street, 9th Fl,
New York, NY 10005

vote@aafederation.org

(212) 344-5878

নির্বাচনের মূল তারিখসমূহ

ভোটার নিবন্ধনের সময়সীমা

ব্যক্তিগতভাবে এবং ডাকযোগে

সোমবার
অক্টোবর
23 শে

অনুপস্থিতি ব্যালটের জন্য অনুরোধ করার শেষ দিন

ডাকযোগে	ব্যক্তিগতভাবে
শনিবার	সোমবার
অক্টোবর	**নভেম্বর**
28 শে	6 শে

আগাম ভোট দেওয়ার সময়কাল

অক্টোবর 28 ভে - **নভেম্বর** 5 ই

সময় পরিবর্তিত হতে পারে

সাধারণ নির্বাচনের দিন

ব্যক্তিগতভাবে

মঙ্গলবার
নভেম্বর
7 ই

সকাল 6 টা - রাত 9 টা

অনুপস্থিতি ব্যালট ফেরত দেওয়ার শেষ দিন

ব্যক্তিগতভাবে এবং ডাকযোগে

মঙ্গলবার
নভেম্বর
7 ই

আমি কাকে ভোট দিতে পারি?

সিটি অফিসসমূহ

এই নভেম্বরে, আপনি সিটি কাউন্সিলে আপনার প্রতিনিধিত্ব করার জন্য আপনার পরবর্তী কাউন্সিলপার্সনকে, ব্রঙ্কস, কুইন্স এবং স্টেটেন আইল্যান্ডের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, সেইসাথে সিটি কোর্টের বিচারক এবং বিচার বিভাগীয় কনভেনশনের প্রতিনিধিদের জন্য ভোট দিতে পারেন। সিটি কাউন্সিল এমন আইন তৈরি করে যা আপনাকে, আপনার পরিবারকে এবং আপনার স্থানীয় জেলার এলাকাগুলিকে প্রভাবিত করে, তাই আপনি ভোট দিচ্ছেন তা নিশ্চিত করুন!

নিউ ইয়র্ক সিটি কাউন্সিল হলো নিউ ইয়র্ক সিটির আইন প্রণয়নকারী সংস্থা। 51টি কাউন্সিল জেলার প্রতিনিধিত্বকারী 51 জন সদস্য নতুন আইন তৈরি করতে মেয়রের সাথে কাজ করেন। তারা প্রতি চার বছর পর পর নির্বাচিত হন কিন্তু এনওয়াইসি সনদের পুনর্বিন্যাস এবং 2020 সালের পরিবর্তনের কারণে, 2021 এবং 2023 সালের সিটি কাউন্সিল নির্বাচনের সময় নির্বাচিত কাউন্সিল সদস্যরা দুই বছর মেয়াদে দায়িত্ব পালন করবেন, 2025 সালের নিউইয়র্ক সিটি কাউন্সিল নির্বাচনের পর থেকে পূর্ণাঙ্গ চার বছরের মেয়াদ পুনরায় শুরু হবে।

আপনার জেলায় কোন প্রার্থীরা প্রতিদ্বন্দ্বিতা করছেন তা খুঁজে বের করুন:

এখানে স্ক্যান করুন!

সাধারণ নির্বাচন

সাধারণ নির্বাচনে, কোন প্রার্থী আপনার নির্বাচিত প্রতিনিধি হবেন আপনি তার সিদ্ধান্ত নেবেন।

নিউইয়র্কের প্রাথমিক নির্বাচনে ভোট দেওয়ার জন্য আপনাকে অবশ্যই একটি রাজনৈতিক দলের সাথে নিবন্ধন করতে হবে। আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার সময় অথবা আপনার নিবন্ধন আপডেট করার মাধ্যমে আপনি এটি করতে পারেন।

আপনি এখানে আপনার দলের অন্তর্ভুক্তি চেক করতে পারেন:

এখানে স্ক্যান করুন!

ভোটের জন্য নিবন্ধন

7ই নভেম্বরের নির্বাচনের জন্য নিবন্ধনের শেষ তারিখ 28শে অক্টোবর। তাই আর দেরি করবেন না!

অনলাইনে নিবন্ধন করুন বা একটি কাগজের ফর্ম পূরণ করে করুন। পূরণ করা কাগজের ফর্মটি নির্বাচনী বোর্ডে ডাকযোগে বা কারো মাধ্যমে পাঠানো যেতে পারে।

নিবন্ধন করার জন্য আপনার সাহায্যের প্রয়োজন হলে, আমাদের একজন স্বেচ্ছাসেবককে জিজ্ঞাসা করুন বা আমাদেরকে vote@aafederation.org ঠিকানায় ইমেইল করুন

ইংরেজিতে একটি নিবন্ধন ফর্ম ডাউনলোড এবং প্রিন্ট করুন:
(অবশ্যই ইংরেজিতে সম্পন্ন করতে হবে)

এখানে স্ক্যান করুন!

অথবা

অনলাইনে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করুন:
(শুধুমাত্র ইংরেজিতে)

এখানে স্ক্যান করুন!

আমি কিভাবে ভোট দেব?

ব্যক্তিগতভাবে আগাম ভোট দিন

নিউইয়র্কের প্রতিটি ভোটার নির্বাচনের দিনের আগে ব্যক্তিগতভাবে আগাম ভোট দিতে পারেন। আগাম ভোট দেওয়াটা সুবিধাজনক, দ্রুত এবং নমনীয়।

আপনি 28শে অক্টোবর থেকে 5ই নভেম্বরের মধ্যে অগ্রীম ভোট দিতে পারেন, যদিও একেক দিনের সময় ভিন্ন হয়।



নির্বাচনের দিন ভোট দিন

7ই নভেম্বর নির্বাচনের দিন, ভোট দিয়ে আপনার কণ্ঠস্বর সোচ্চার করুন।

সকাল 6টা থেকে রাত 9টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে

আগাম ভোট দেওয়া এবং নির্বাচনের দিনের জন্য আপনার ভোট কেন্দ্রের অবস্থান খুঁজে পেতে নিউইয়র্ক (NYC) বোর্ড অব ইলেকশনস এর ওয়েবসাইট ভিজিট করুন:

এখানে স্ক্যান করুন!

অনুপস্থিতি ভোট

ডাকযোগে ভোট দেওয়া হলো আপনার ভোট দেওয়ার একটি নিরাপদ, সহজ এবং নিশ্চিত উপায়।

একটি ফেরত খাম এবং নির্দেশাবলী অন্তর্ভুক্ত করা হবে। তবে আপনার ব্যালট ডাকযোগে পাঠাতে আপনাকে অবশ্যই ডাক মাশুল যোগ করতে হবে। আমরা দুটি স্ট্যাম্পের সুপারিশ করি।

আপনাকে ডাকযোগে পাঠানোর জন্য একটি অনুপস্থিতি ব্যালটের জন্য অনুরোধ করুন:

এখানে স্ক্যান করুন!

* অনুপস্থিতি ব্যালট আপনার কাউন্টি বোর্ড অব ইলেকশনস বা আপনার পোলিং এর স্থানে নির্বাচনের দিন বা আগাম ভোটের দিনেও পৌঁছিয়ে দেওয়া যেতে পারে।



ভোটারদের প্রবেশযোগ্যতা

ভাষা সহায়তা

কিছু ভোটকেন্দ্রে অনুবাদক বা দোভাষী পাওয়া যাবে।

আপনার যদি কোনও ভোটকেন্দ্রে ভাষা সহায়তার প্রয়োজন হয় তবে আপনার নিজের দোভাষীকে আপনার সাথে নিয়ে আসার অধিকারও আপনার আছে।

কোন কোন ভোটকেন্দ্রে দোভাষী সেবা প্রদান করবে তা খুঁজে বের করুন:

এখানে স্ক্যান করুন!

প্রতিবন্ধীদের জন্য সহায়তা

ব্যালট মার্কিং করার ডিভাইসগুলো ভোটকেন্দ্রে পাওয়া যাবে এবং সেই সকল ভোটার যারা অন্ধ, দৃষ্টিপ্রতিবন্ধী, বা যাদের এমন কোনো অক্ষমতা বা সমস্যা রয়েছে যার জন্য কলম দিয়ে ব্যালট চিহ্নিত করা তাদের পক্ষে কঠিন বা অসম্ভব তাদের জন্য সহায়ক হতে পারে।

ব্যালট মার্কিং এর ডিভাইসগুলো সম্পর্কে আরও জানুন:

এখানে স্ক্যান করুন!

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

আমাকে কি কোনো আইডি আনতে হবে?

প্রথমবারের ভোটাদের সাথে আইডি নিয়ে আসার জন্য সুপারিশ করা হয়।

আমি যদি অবস্থান পরিবর্তন করে থাকি তাহলে কী হবে?

আপনি যখন অবস্থান পরিবর্তন করবেন, তখন আপনাকে একটি নতুন ভোটার নিবন্ধন ফর্ম জমা দিয়ে বোর্ড অব ইলেকশনস এ আপনার ঠিকানা পরিবর্তন করতে হবে।

কারা ভোট দেওয়ার যোগ্য?

আপনি ভোট দেওয়ার ক্ষেত্রে নিবন্ধন করার যোগ্য যদি আপনি:

1. একজন আমেরিকান নাগরিক হন
2. কমপক্ষে 30 দিনের জন্য নিউ ইয়র্ক শহরের বাসিন্দা হন
3. এবং কমপক্ষে 16 বছর বয়সী হন

(আপনি 16 বা 17 বছর বয়সে ভোট দেওয়ার জন্য প্রাক-নিবন্ধন করতে পারেন, তবে ভোট দেওয়ার জন্য আপনাকে অবশ্যই 18 বছর বয়সী হতে হবে)

আমার ভোটকেন্দ্রে কোনও সমস্যা হলে আমি কাকে ফোন করব? (শুধুমাত্র ইংরেজি)

আপনার ভোট কেন্দ্রের যে কোনও সমস্যার বিষয়ে আপনি NYC বোর্ড অব ইলেকশনস এ কল করতে পারেন। কল করুন 1-866-VOTE-NYC (1-866-868-3692).

আমার বা অন্য কারো অধিকার লঙ্ঘিত হলে আমি কার সাথে যোগাযোগ করতে পারি?(শুধুমাত্র ইংরেজি)

একজন প্রশিক্ষিত নির্বাচন সুরক্ষা স্বেচ্ছাসেবীর সঙ্গে কথা বলতে এবং বিনামূল্যে আইনি সহায়তা পেতে আপনি নির্বাচন সুরক্ষা সম্পর্কিত হটলাইনে যোগাযোগ করতে পারেন। কল করুন 1-866-OUR-VOTE (1-866-687-8683).

বোর্ড অব ইলেকশনস এর অবস্থানসমূহ

Bronx
1780 Grand Concourse, 5 Fl,
Bronx, NY 10457

Brooklyn
345 Adams Street, 4 Fl,
Brooklyn, NY 11201

Queens
118-35 Queens Boulevard,
Forest Hills, NY 11375

Manhattan
200 Varick Street, 10 Fl,
New York, NY 10014

Staten Island
1 Edgewater Plaza, 4 Fl,
Staten Island, NY 10305

আমি কোথায় ভোট দেব?

2023 সালের নির্বাচনের দিন হলো মঙ্গলবার 11/7

আমি কোন সময়ে ভোট দেব?

সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে

কোনো প্রশ্ন আছে?

ভোটার নিবন্ধন, ভোট দেওয়ার পদ্ধতি, রাজনৈতিক দল এবং আরও অনেক কিছু সম্পর্কে আরও তথ্যের জন্য অথবা আপনার স্থানীয় কাউন্টির বোর্ড অব ইলেকশনস এর অফিস খুঁজে পেতে aafederation.org/voter-guide এ যান অথবা নিচের QR কোডটি স্ক্যান করুন।

এখানে স্ক্যান করুন!

অথবা vote@aafederation.org ঠিকানায় আমাদের সাথে যোগাযোগ করুন

AAPI POWER COALITION

Asian American Federation